



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/হিসাব/৫২/২৫০


তারিখঃ ২৮/০৭/২০২০খ্রি.

SSC-2020 Examiner's Bill Database আপডেটকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাভুক্ত এসএসসি-২০২০ পরীক্ষায় সম্মানিত প্রধান পরীক্ষকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএসসি-২০২০ পরীক্ষার অন-লাইন বিল প্রস্তুতের জন্য অন-লাইন প্যানেল Open রয়েছে। সম্মানিত প্রধান পরীক্ষকদেরকে বরিশাল বোর্ডের ওয়েবসাইটে (www.barisalboard.gov.bd) প্রবেশ করে Penel Link থেকে SSC-2020 Head Examiner Bill Form এ ক্লিক করতে হবে। পরবর্তীতে আইডি ও পাসওয়ার্ড (Capital letter) দিয়ে প্যানেলে প্রবেশ করে বিল প্রস্তুত করবেন এবং সবশেষে সাবমিট দিয়ে লগআউট করে প্যানেল থেকে বের হয়ে আসবেন। প্রধান পরীক্ষকবৃন্দ প্রয়োজ্য ক্ষেত্রে বিল যাচাই, সংযোজন ও বিয়োজন করতে পারবেন। **দ্রুত সময়ের মধ্যে bill submit করার জন্য অনুরোধ করা হলো।** আপনাদের জ্ঞাতার্থে ও কার্যার্থে নিম্নে কিছু তথ্যাদি দেয়া হলো।

- ## প্রধান পরীক্ষক হিসাবে আপনার নিজের মূল্যায়িত উত্তরপত্রই হবে আপনার উত্তরপত্র সংখ্যা। পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের ১২% আপনার উত্তরপত্রের সাথে যোগ দিবেন না। এটি অটো ক্যালকুলেশন হয়ে আপনার উত্তরপত্রের সংখ্যার সাথে যোগ হবে।
- ## সোনালী ও রূপালী ব্যাংকের হিসাব হলে অবশ্যই ১৩ ডিজিট হবে এবং ব্যাংক ও শাখার নাম লিখতে হবে।
- ## রকেট হিসাব হলে অবশ্যই অবশ্যই ১২ ডিজিট হবে, কোন শাখার প্রয়োজন নেই।
- ## প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের আনুষঙ্গিক খাতে থোক বরাদ্দ দেয়া হবে। কোন ডাকস্লিপ বিবেচনায় নেয়ার প্রয়োজন নেই।
- ## প্রধান পরীক্ষক হিসেবে আপনার তালিকায় অপ্রাসঙ্গিক examiner id থাকলে তা delete করার প্রয়োজন নেই।
- ## প্রধান পরীক্ষকের আওতাধীন কোন পরীক্ষকের আইডি না পেলে দ্রুত উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মোঃ নজরুল ইসলাম এর মোবাইল নম্বরঃ ০১৭১২-১৩৫৩৫৯ এ কল দিন।
- ## প্রধান পরীক্ষক হিসেবে আপনার (নিজ) মূল্যায়িত উত্তরপত্র ও আপনার আওতাধীন পরীক্ষকদের মূল্যায়িত উত্তরপত্রের সমান হবে নিরীক্ষকদের নিরীক্ষিত উত্তরপত্র।
- ## প্রেরিত বিলের তথ্যাদি সম্পর্কে সম্পূর্ণ দায়-দায়িত্ব প্রধান পরীক্ষককে বহন করতে হবে।
- ## সংযুক্ত তালিকা অনুযায়ী যে সব প্রধান পরীক্ষক এখনও বিল সাবমিট করেননি তাঁরা আগামী ০৬/০৮/২০২০খ্রি. পর্যন্ত on-line প্রক্রিয়ায় bill submit/edit করার সুযোগ পাবেন।

দ্রুত ও বিশ্বস্ততার মাধ্যমে সেবা প্রাপ্তির লক্ষ্যে এ বোর্ডের আওতাধীন এসএসসি-২০২০ পরীক্ষার সম্মানিত প্রধান পরীক্ষকদের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।


২৮.৭.২০২০

মোঃ মামুন হোসেন (১২০৯৮)
২১তম বিসিএস (সাধারণ শিক্ষা)
সহযোগী অধ্যাপক (হিসাববিজ্ঞান)
হিসাবরক্ষণ কর্মকর্তা (প্রেষণে)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল।

ফোন : ০৪৩১-৬১১৫৮

মোবাইল : ০১৭১৬-৯৫০৬৯৭